SET-4

Series ЄABAЄ/C

Q.P. Code **5**

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

Roll No. | | | | | | | | |

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **5** ছাপা পৃষ্ঠা রয়েছে ।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে । উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে ।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **8** টি প্রশ্ন আছে ।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে ।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে । 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে । 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে । এই সময়ে কোন উত্তর লেখা চলবে না ।
- Please check that this question paper contains **5** printed pages.
- Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **8** questions.
- **Please write down the serial number of the question in the answer-book before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা

# BENGALI

*সময় : 2 ঘন্টা* | *সর্বমোট অঙ্ক : 40*

*Time allowed : 2 hours* | *Maximum Marks : 40*

The Question Paper is divided into **three** sections.

SECTION A — Grammar — 10 Marks

SECTION B — Composition & Writing — 10 Marks

SECTION C — Literature and Supplementary Reader — 20 Marks

## SECTION A
## (GRAMMAR)

**1.** ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির মধ্যে যে কোন ***একটি (Any one)*** সূত্রের দুটি উদাহরণসহ সংজ্ঞা লেখো : *3+2=5*

(a) স্বরসঙ্গতি

(b) অপিনিহিতি

**2.** যে কোনা ***একটি (Any one)*** অলঙ্কারের একটি উদাহরণসহ সংজ্ঞা লেখ : *3+2=5*

(a) যমক

(b) অনুপ্রাস

**অথবা (OR)**

অলঙ্কার নির্ণয় কর এবং সংজ্ঞা লেখো (***একটি***) : ***(Any one)***

(a) সাগর জলে সিনান করি সজল এলোচুলে

(b) নামজাদা লেখকের বই বাজারে কাটে কম, কাটে বেশি পোকায়

(c) কমলাসনে কমলাসনে কমলাপতি বিহার

## SECTION B
## (COMPOSITION & WRITING)

**3.** নীচের সংবাদপত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হলো । এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : *2+3=5*

মধ্যমগ্রামের একটি রঙের কারখানায় বিধ্বংসী অগ্নিকাণ্ড । কারখানায় রাসায়নিক সামগ্রী ঠাসা ছিল । তাতে আগুন লেগে মুহূর্তে ছড়িয়ে পড়ে । দমকলের ১০ টি ইঞ্জিন প্রায় ঘন্টা তিনেকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে ।

কারখানার একজন শ্রমিক অগ্নিদগ্ধ হয়েছেন । তাঁকে মধ্যম গ্রাম গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল । শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাঁকে কলকাতার একটি হাসপাতালে স্থানান্তরিত করা হয় । প্রাথমিক তদন্তে দমকলের অনুমান, শর্ট সার্কিটের জেরে এই দুর্ঘটনা ঘটেছে । বৃহস্পতিবার বিকেলে ভয়াবহ এই অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটেছে মধ্যমগ্রাম পুরসভার ১ নম্বর ওয়ার্ডে ।

মধ্যমগ্রামের দিগবেড়িয়া এলাকার একটি রঙের কারখানায় এদিন আগুন লাগে । বছর দশেক আগে তৈরী ওই কারখানায় ১০ জন শ্রমিক কাজ করেন । এদিন বিকেল সাড়ে তিনটা নাগাদ কারখানার স্টোররুমে প্রথমে আগুন লাগে । শ্রমিকরা তখন কাজে ব্যস্ত ছিলেন । কারখানায় প্রচুর পরিমাণে রাসায়নিক মজুত ছিল । তাতে দ্রুত অগ্নিসংযোগ ঘটে । ভিতর থেকে শ্রমিকরা কোনও ভাবে বেরিয়ে আসতে পারেন । ঠিক সেই সময় রাসায়নিকের একটি ড্রাম আগুনে ফেটে গিয়ে বিস্কোরণের মতো তীব্র আওয়াজ হয় । বিস্ফোরণের শব্দে স্থানীয়রাও দৌড়ে আসেন । কারখানার শ্রমিকরা প্রথম দিকে নিজেদের মতো করে আগুন নেভানোর চেষ্টা করেন । ওই সময় এক শ্রমিক আগুনের কাছাকাছি চলে আসেন তিনি গুরুতর জখম হন । আগুনের ভয়াবহতা মাত্রাধিক থাকায় স্থানীয়দের পক্ষে আগুন নিয়ন্ত্রণ করা সম্ভব হয় নি । মধ্যমগ্রাম থানার পুলিশ ও দমকল কিছুক্ষণের মধ্যে কারখানায় পৌঁছায় । এরপর বারাসত সহ অন্যান্য দমকল কেন্দ্র থেকে মোট ১০ টি ইঞ্জিন এসে আগুন নিয়ন্ত্রণের কাজ শুরু করে । আগুন নিয়ন্ত্রণে আনতে তিন ঘন্টার মতো সময় লেগে যায় । কারখানা লাগোয়া এলাকায় একাধিক কারখানা রয়েছে । পাশাপাশি বসতবাড়িও রয়েছে । অগ্নিকাণ্ডের ঘটনায় বিস্কোরণের আওয়াজে রাসায়নিক ড্রাম ফাটার ও কালো ধোঁয়ার জেরে এলাকায় বাসিন্দা ও কারখানার কর্মচারীদের মধ্যে আতঙ্ক তৈরী হয় ।

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও ।

(b) তিনটি বাক্যে বিষয়টির উপর আলোকপাত কর ।

**4.** তোমার বাবার দেওয়া হাতখরচের টাকা বাঁচিয়ে তুমি একটি করোনা পীড়িত দুঃস্থ পরিবারকে কীভাবে সাহায্য করেছ তা জানিয়ে মাকে পত্র লেখ । *5*

**অথবা (OR)**

লকডাউনের সময় স্বাস্থ্য বজায় রাখতে যোগ-ব্যায়াম যে কতটা প্রয়োজন সে বিষয়ে উপদেশ দিয়ে বন্ধুকে পত্র লেখো ।

## SECTION C

## (LITERATURE AND SUPPLEMENTARY READER)

**5.** "হঠাৎ বিকেলে এক অদ্ভুত দৃশ্য দেখা গেল" — *2+3=5*

(a) কোন দিন বিকেলে, কারা এই দৃশ্য দেখেছিল ?

(b) দৃশ্যটির সংক্ষিপ্ত বর্ণনা দাও ।

**অথবা (OR)**

"ভিড় সরে তাকে পথ দিল" —

(a) কাকে পথ দিল ? সে কোথায় চলে গেল ?

(b) কারা, কেন এই ভিড় করেছিল ?

**6.** প্রসঙ্গ সহ ব্যাখ্যা লেখ : *1×5=5*

"চোখ তো সবুজ চায় !
দেহ চায় সবুজ বাগান"

**অথবা (OR)**

"গাছের সবুজ টুকু শরীরে দরকার ।"

**7.** "মুখের ভেতরটা যেন অডিটোরিয়াম — ইন্টারভ্যালে সব দর্শকরা হাঁটাহাঁটি লাগিয়ে দিয়েছে" *2+3=5*

(a) বক্তা মুখের ভিতরে এরূপ কখন, কেন অনুভব করলেন ?

(b) 'অডিটোরিয়াম', 'ইন্টারভ্যাল', 'দর্শক' ইত্যাদি শব্দ ব্যবহারে এখানে বক্তার চরিত্রের কোন দিকটি প্রকাশ পেয়েছে ?

**অথবা (OR)**

"শিল্পকে যে-মানুষ ভাল বেসেছে — তার বার্ধক্য নেই"

(a) কে, কাকে এই উক্তি করেছেন ?

(b) উক্তিটির মাধ্যমে বক্তা কী বোঝাতে চেয়েছেন ?

**8.** "ততক্ষণে তোমাকে ছেঁকে ধরেছে ময়লা আলখাল্লা পরা একদল ভুটিয়া ছেলেমেয়ে" *2+3=5*

(a) কোথায় পৌঁছলে কেন তারা ছেঁকে ধরে ?

(b) এই ভুটিয়া ছেলেমেয়ের সংক্ষিপ্ত পরিচয় দাও ।

**অথবা (OR)**

"তাই নিজেদের গলার মধ্যে বানিয়ে নিয়েছে টাকা রাখার থলি" —

(a) কোন টাকা, কারা কেন এই থলিতে রাখে ?

(b) গলার ভিতর এই থলিটি কী ভাবে বানানো হয় তা লেখ ।